

‘হায়ার এন্ড ট্রেন’ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ প্রস্তাব আহ্বান

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন Enhancing Digital Government and Economy (EDGE) প্রকল্পের আওতায় তথ্য প্রযুক্তির বিকাশমান খাত যেমন- আইওটি (IOT), বিগডাটা, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (AI), ব্লকচেইন, ডাটা এনালিটিক্স, মেডিক্যাল স্কাইব, অগমেন্টেড রিয়ালিটি (AR), ভার্চুয়াল রিয়ালিটি (VR), মেশিন লার্নিং, ডীপ লার্নিং, ক্লাউড কম্পিউটিং, ক্লাউড আর্কিটেকচার, ভেরি লার্জ স্কেল ইন্ট্রিগেশন (VLSI), সাইবার সিকিউরিটি, ভিএফএক্স, ফিনটেক, সফটওয়্যার ডেভেলপমেন্ট প্রভৃতি বিষয়সহ ডিজিটাল প্রযুক্তির অন্যান্য খাতে স্থায়ী কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন আইটি-আইটিইএস প্রতিষ্ঠানের কাছ থেকে কমপক্ষে ২০ জনের স্থায়ী কর্মসংস্থানোত্তর প্রশিক্ষণের প্রস্তাব আহ্বান করা হচ্ছে। এক্ষেত্রে, এক বা একাধিক প্রতিষ্ঠান সমন্বিতভাবে আবেদন করতে পারবে।

আইটি-আইটিইএস প্রতিষ্ঠানের যোগ্যতা: নিম্নোক্ত ৩টি যোগ্যতার মধ্যে কমপক্ষে ১টি যাচাইযোগ্য যোগ্যতা থাকতে হবে-

- বিগত ২ ক্যালেন্ডার/আর্থিক বছরের রপ্তানি আয় ন্যূনতম USD ৫০,০০০; অথবা
- একক মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়মিত বেতনভুক্ত জনবলের সংখ্যা ন্যূনতম ৫০ জন। তবে যৌথভাবে আবেদনকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে প্রত্যেকটি প্রতিষ্ঠানে নিয়মিত বেতনভুক্ত জনবলের সংখ্যা ন্যূনতম ১৫ জন থাকতে হবে; অথবা
- সরকারি/ বৈদেশিক কোম্পানি বা সংস্থা/ পাবলিক লিমিটেড কোম্পানি/ উন্নয়ন অংশীদার / বহুজাতিক কোম্পানি / বৃহৎ এনজিও/ টেলিকম/ আর্থিক প্রতিষ্ঠান হতে কমপক্ষে ৫০,০০,০০০/- টাকার আইসিটি-সম্পর্কিত একটি Work Order (কার্যাদেশ) থাকতে হবে।

ক) প্রস্তাবে প্রতিষ্ঠানের যে সকল তথ্যাদি প্রেরণ করতে হবে তা নিম্নরূপ-

- ১। প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মালিকানা তথ্য;
- ২। প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত বিবরণ;
- ৩। প্রতিষ্ঠানের মানবসম্পদ, রাজস্ব, দেশ-বিদেশে বিনিয়োগ ও প্রবৃদ্ধি পরিকল্পনা;
- ৪। TIN, BIN ও ট্রেড লাইসেন্স এর অনুলিপি;
- ৫। কোন বিষয়ে এবং কতজন নতুন জনবল নিয়োগ করা হবে তার সংক্ষিপ্ত বর্ণনা;
- ৬। উপরের যোগ্যতাসমূহের যে কোনো একটি যোগ্যতার স্বপক্ষে যাচাইযোগ্য প্রমাণক;
- ৭। এসোসিয়েশনের সদস্যপদ (যদি থাকে)।

খ) আগ্রহী প্রতিষ্ঠানকে **আগামী ৩১ জানুয়ারি ২০২৫** তারিখের মধ্যে <https://training.edge.gov.bd/hat-training> এই লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন করতে হবে।

গ) প্রস্তাব যাচাই-বাছাই শেষে শুধুমাত্র নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের সাথে চুক্তি স্বাক্ষর করা হবে।

ঘ) প্রশিক্ষণের আংশিক খরচ EDGE প্রকল্প হতে বহন করা হবে।

ঙ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো প্রস্তাব গ্রহণ অথবা বাতিল করতে পারেন।

চ) এ বিষয়ক কোনো তথ্যের প্রয়োজনে hireandtrain@iit.du.ac.bd ই-মেইলে অথবা ০১৯৭৬-৭৭০৭১৮ নাম্বারে যোগাযোগ করা যেতে পারে।

পরিচালক
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়